JAN. 1 2 2002

ভোরের কাগজ

তারিখ ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

## স্ট্যান্ডিং কমিটির প্রতিবেদন পেশ

# দেশে আইটি বিশ্ববিদ্যালয় স্থাপনের সুপারিশ

কাগজ প্রতিবেদক : মানবসম্পদ উন্নয়নে তথ্য প্রযুক্তি খাতকে ব্যবহারের জন্য সরকারের কম্পিউটার সফটওয়্যার রপ্তানি সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি দিকনির্দেশনা দিয়েছে। এ লক্ষ্যে দেশে আইটি বিশ্ববিদ্যালয় স্থাপন, সরকারি-বেসরকারি কলেজে আইটিবিষয়ক কোর্স চালুসহ নানা পদক্ষেপ গ্রহণ এবং দেশের বাইরে সফটওয়্যার বাজার দখলের ব্যাপারে কমিটি বিভিন্ন সুপারিশও করেছে।

স্ট্যান্ডিং কমিটির উপদেষ্টা অধ্যাপক জামিলুর রেজা চৌধুরীর নেতৃত্বে কমিটি গত মঙ্গলবার বাণিজ্যমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরীর কাছে এ সংক্রান্ত রিপোর্ট পেশ করেছে। রিপোর্টের সুপারিশগুলো কার্যকর করা হলে দেশের তথ্য প্রযুক্তি খাত সম্পর্কে সরকারের বিদ্যমান নীতিতেও পরিবর্তন ঘটবে। গত কয়েক বছর ধরে সরকার তথ্য প্রযুক্তি খাতে আর্থিক সহায়তা দিয়ে আসছে। সংশোধিত রিপোর্টে আর্থিক সুবিধা প্রদানের চেয়ে মানবসম্পদ উন্নয়নে তথ্য প্রযুক্তি খাতকে ব্যবহারের ওপর সর্বাধিক গুরুত্ব দিয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সংশোধিত এ রিপোর্টে মানবসম্পদ উন্নয়ন, অবকাঠামো, আর্থিক সুবিধা প্রদান ও বিপণন বিষয়ের ওপর মোট ৪০টি সুপারিশ রয়েছে। উল্লেখযোগ্য সুপারিশগুলো হচ্ছে—প্রস্তাবিত ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একটিকে আইটি বিশ্ববিদ্যালয় ঘোষণা করা, ডিগ্রি লেভেলের সকল সরকারি ও বেসরকারি কলেজে আইটিবিষয়ক কোর্স শুরু করা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যমান কম্পিউটার বিজ্ঞান বিভাগে আসন সংখ্যা বৃদ্ধি করা, আইটি ভিলেজ স্থাপন, সারা দেশে অপটিক ফাইবার ব্যাকবোন নেটওয়ার্ক স্থাপন, বিপণন মিশন প্রেরণ ও বাণিজ্য মেলায় অংশ এবং বিদেশে ট্রেড অফিস স্থাপনের মাধ্যমে আগ্রাসী বাজার তৎপরতা গ্রহণ প্রভৃতি।

বিগত আওয়ামী লীগ সরকার আমলে বাণিজ্য মন্ত্রণালয় সংক্রান্ত টাস্কফোর্স কম্পিউটার সংশ্লিষ্ট সেবা খাতের উন্নয়নের গতিশীলতা আনার জন্য অধ্যাপক জামিলুর রেজা চৌধুরীকে আহ্বায়ক করে এ খাতের রপ্তানি সম্ভাবনা, সমস্যা ও সুপারিশ প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করে। কমিটি স্বল্প সময়ের মধ্যে ১৯৯৭ সালের সেপ্টেম্বরে তাদের রিপোর্ট পেশ করে। জামিলুর রেজা চৌধুরী বা জেআরসি কমিটির রিপোর্ট নামে এটি পরিচিতি পায়।

কমিটির রিপোর্ট অনুমোদন ও বাস্তবায়নের সুপারিশ বা দিকনির্দেশনা প্রদানের লক্ষ্যে সরকার রপ্তানি উন্নয়ন ব্যুরোর ভাইস চেয়ারম্যানকে আহ্বায়ক করে কম্পিউটার সফটওয়্যার রপ্তানি উন্নয়ন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি নামে একটি কমিটি গঠন করে। অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী এ কমিটির উপদেষ্টা হিসেবে কাজ করছেন। এ কমিটি এ পর্যন্ত ৪৫টি সুপারিশের মধ্যে ২৪টি সুপারিশ সম্পূর্ণ বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করেছে। একটি বাস্তবায়নের প্রয়োজন নেই এবং আরেকটি সুপারিশ বাস্তবায়নে সরকার অসম্মতি জানায়। ১০টি সুপারিশ বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে রয়েছে এবং ৯টি বাস্তবায়নে কার্যকর কোনো পদক্ষেপ নেওয়া হয়নি।

প্রযুক্তিগত উন্নয়নের ধারাবাহিকতা জেআরসি কমিটির রিপোর্টে কিছু সংশোধন ও সংযোজনের প্রয়োজন দেখা দেয়। কম্পিউটার সফটওয়্যার রপ্তানি সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি বিষয়টির গুরুত্ব উপলব্ধি করে জেআরসি কমিটির রিপোর্টের প্রয়োজনীয় সংশোধন ও সংযোজন করে আরেকটি রিপোর্ট প্রণয়ন করে। গত মঙ্গলবার অধ্যাপক জামিলুর রেজা চৌধুরীর নেতৃত্বে উক্ত স্ট্যান্ডিং কমিটির বাণিজ্যমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরীর কাছে সুপারিশমালা পেশ করেছে। বাণিজ্য মন্ত্রণালয়ের মন্ত্রীদের কাছে আনুষ্ঠানিকভাবে রিপোর্ট পেশের সময় উপস্থিত ছিলেন রপ্তানি উন্নয়ন ব্যুরোর নবনিযুক্ত ভাইস চেয়ারম্যান আবু সালেহ এবং বাংলাদেশ কম্পিউটার সমিতির সভাপতি সবুর খান।

### তথ্য প্রযুক্তি নীতিমালা প্রণয়নে কমিটি গঠন

অপরদিকে দেশের বিশিষ্ট ব্যবসায়ী ও তথ্য প্রযুক্তিবিদরা এক বৈঠকে বেসরকারি সেক্টরে তথ্য প্রযুক্তি খাতে উন্নয়নের ধারাবাহিকতা আরো গতিশীল করতে আইটি নীতিমালার খসড়া প্রণয়নের জন্য ১১ সদস্যের একটি কমিটি গঠন করেছে। এফবিসিসিআই সভাপতি ইউসুফ আব্দুল্লাহ হারুনের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে গঠিত কমিটি শিগগিরই নীতিমালার খসড়া প্রস্তুত করবে। বাংলাদেশ ইন্টারনেট সার্ভিসেস প্রভাইডার এসোসিয়েশনের সভাপতি আখতারুজ্জামান মঞ্জুকে কমিটির আহ্বায়ক এবং কম্পিউটার সমিতির সাবেক সভাপতি মোস্তফা জব্বারকে যুগ্ম আহ্বায়ক করা হয়েছে।